

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 05-03-25**

**Time: 7-35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) নির্বাচন কমিশন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ও জেলা নির্বাচনী আধিকারিকদের রাজনৈতিক দলগুলির সঙ্গে নিয়মিত বৈঠক করার নির্দেশ দিয়েছে।
- ২) কেন্দ্র বে-সরকারী সংস্থাগুলিকে বিভিন্ন দেশে খনিজ সম্পদ অনুসন্ধানের কাজে সহায়তা দেবে বলে কেন্দ্রীয় খনি মন্ত্রী আশ্বাস দিয়েছেন। তিনি গতকাল জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার ১৭৫ বছর পূর্তি উপলক্ষে এক অনুষ্ঠানে যোগ দেন।
- ৩) ভারত গঙ্গা জলবন্টন চুক্তি অনুযায়ী বাংলাদেশকে ফারাক্কা ব্যারেজ থেকে পর্যাপ্ত জল দেওয়ায় বাংলাদেশ সন্তোষ ব্যক্ত করেছে।  
বাংলাদেশী প্রতিনিধি দল আজ কলকাতায় ফিরছে।
- ৪) রাজ্য সরকার বর্ষার আগে বন্যা নিয়ন্ত্রণ সহ প্রাকৃতিক দুর্যোগ রোধে আগামী প্রস্তুতি হিসেবে দেড়শো কোটি টাকা বরাদ্দ করেছে।
- ৫) যাদবপুর বিশ্ববিদ্যালয়ে গত শনিবারের ঘটনার প্রতিবাদে বাম ছাত্র সংগঠনের-এর ডাকা ছাত্র ধর্মঘটের সময় আক্রান্ত কর্মী-সমর্থকদের প্রতি সংহতি জানাতে এস এফ আই আজ এক মিছিলের ডাক দিয়েছে। এদিকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং ঘটনায় বিচারবিভাগীয় তদন্তের প্রস্তাব দিয়েছেন
- ৬) ইস্টবেঙ্গল আজ AFC চ্যালেঞ্জ লিগ ফুটবলের কোয়ার্টার ফাইনালের প্রথম পর্বের ম্যাচে তুর্কমেনিস্তানের এফ সি আর্কাদাগের বিজয়কে খেলবে।

oooooooooooooooooooooooooooooooooooo

নির্বাচন কমিশন, দেশের সব রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ও জেলা নির্বাচনী আধিকারিকদের রাজনৈতিক দলগুলির সঙ্গে নিয়মিত বৈঠক করার নির্দেশ দিয়েছে। নতুন মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার দায়িত্বভার গ্রহণের পর গতকালই প্রথম দেশের সব রাজ্যের মুখ্যনির্বাচনী আধিকারিক এবং সংশ্লিষ্ট আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন। কমিশনের বিধিবদ্ধ নিয়মকানুনের মধ্যে থেকেই রাজনৈতিক দলগুলির তোলা অভিযোগগুলি যাতে সমাধান করা হয়, সেজন্যও মুখ্য নির্বাচন কমিশনার নির্দেশ দিয়েছেন। আগামী ৩১ শে মার্চের মধ্যে গতকালের বৈঠকে গৃহীত পদক্ষেপগুলি সম্পর্কে সংশ্লিষ্ট সহকারী নির্বাচন কমিশনারকে রিপোর্ট দিতেও বলা হয়েছে। দেশের নির্বাচন পরিচালনায় আইনের মধ্যে থাকা বিভিন্ন ইস্যুর সমাধান নিয়েও আলোচনা হয়। মুখ্য নির্বাচন কমিশনার বৈঠকে উপস্থিত সবাইকে স্বচ্ছতার সঙ্গে কাজ করার পরামর্শ দেন। দুদিন ব্যাপী চলা এই বৈঠকে দুই নির্বাচন কমিশনার ডক্টর সুখবীর সিং সান্ত্বনা ও ডক্টর বিবেক যোশী, সব রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক এবং জেলা নির্বাচনী আধিকারিকরাও যোগ দিচ্ছেন।

oooooooooooooooooooooooooooooooooooo

ভারতের ভূতাত্ত্বিক সর্বেক্ষণ বা জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া ১৭৫ বছর পূর্ণ করলো। কলকাতায় গতকাল জি এস আই এর প্রতিষ্ঠা দিবস উপলক্ষে এক অনুষ্ঠানে খনি মন্ত্রী জি কিশোর রেডিড বলেন, কেন্দ্রীয় সরকার আর্জেন্টিনার সঙে যৌথভাবে লিথিয়াম উৎপাদন করবে। তিনি আরও বলেন -

## (বাইট - জিআইএস)

বেসরকারি সংস্থাগুলিও বিশ্বের বিভিন্ন দেশে গিয়ে খনিজ সম্পদ অনুসন্ধান ও খনি থেকে উৎপাদনের কাজ করতে চাইলে কেন্দ্রীয় সরকার তাদের সহায়তা দেবে বলে আশ্চাস দেন খনিমন্ত্রী।

উল্লেখ্য, জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার পূর্বাঞ্চলীয় সদর দপ্তর সল্টলেকে গতকাল প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠানের সূচনা করেন সংস্থার অতিরিক্ত মহা নির্দেশক বর্ষা, অশোক আগলাওয়ে। তিনি জানান 1851 সালে প্রতিষ্ঠিত এই জিএসআই বিশ্বের প্রাচীনতম সংস্থাগুলির মধ্যে একটি।

এই উপলক্ষে একটি রক্তদান শিবিরেরও আয়োজন করা হয়।

## একটি প্রতিবেদন -

## (ভয়েসকাস্ট -অভিজিৎ)

oooooooooooooooooooooooooooooooooooo

ভারত, গঙ্গা জলবন্টন চুক্তি অনুযায়ী বাংলাদেশকে ফারাক্কা ব্যারেজ থেকে পর্যাপ্ত জল দেওয়ায় বাংলাদেশ সন্তোষ ব্যক্ত করেছে। বাংলাদেশ যৌথ নদী কমিশনের একটি দল গতকাল ফারাক্কা ব্যারেজ ও সংশ্লিষ্ট ক্যানেলের জলস্তর খতিয়ে দেখে। চুক্তি অনুযায়ী বাংলাদেশকে ফারাক্কা ব্যারেজ থেকে পর্যাপ্ত জল দেওয়া হচ্ছে বলে প্রতিনিধি দল জানিয়েছে। ফারাক্কা ব্যারেজ ও ব্যারেজ সন্নিহিত গঙ্গা নদীর অববাহিকা এবং ফিডার ক্যানেলের জলস্তর পরিমাপ ও পরিদর্শনের পরও সন্তোষ প্রকাশ করেন ভারত বাংলাদেশ যৌথ নদী কমিশনের বাংলাদেশি প্রকৌশলী দলের প্রধান মুহাম্মদ আবুল হোসেন। গঙ্গার জলস্তর, ও জলের বিভিন্ন সময়ের নেওয়া রেকর্ড-পরিসংখ্যানও তারা খতিয়ে দেখেন। এরপর জল বন্টনের প্রতিবন্ধকতা নিয়ে প্রাথমিক আলোচনাও করেন উভয় দেশের প্রতিনিধিরা। তাতেও আশান্বরূপ ফল মিলেছে বলে বাংলাদেশি প্রতিনিধিদল জানিয়েছেন।

৭ সদস্যের এই দলটি আজ কোলকাতায় ফিরবে। আগামীকাল ও পরশু দুই দেশের প্রতিনিধিদের মধ্যে উচ্চপর্যায়ের বৈঠক হবার কথা।

উল্লেখ্য ১৯৯৬ সালের ১২ই ডিসেম্বর দুই দেশের মধ্যে ৩০ বছরের জন্য গঙ্গা জলবন্টন চুক্তি সাক্ষরিত হয়, ২০২৬ সালে এর মেয়াদ শেষ হবে। বাংলাদেশের এক তৃতীয়াংশের বেশি এলাকা ফারাঙ্কা ব্যারেজের এই জলের উপর নির্ভরশীল। বিশেষ করে সেদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে গঙ্গার জলের গুরুত্ব অপরিসীম।

oooooooooooooooooooooooooooooooooooo

॥উপকূলবর্তী এলাকার বাসিন্দাদের সঙ্গে সম্পর্ক আরও মজবুত করতে বিশেষ সাইকেল র্যালি-Great Indian Coastal Cyclothon 'এর আয়োজন করছে কেন্দ্রীয় শিল্প নিরাপত্তা বাহিনী সিআইএসএফ। ৫৬ তম সিআইএসএফ ডে উপলক্ষ্যে কলকাতা বিমানবন্দরে গতকাল বাহিনীর কার্যালয়ে এক সাংবাদিক বৈঠকে উত্তর পূর্বাঞ্চল -এর আইজি ডষ্ট্রি শিখর সাহাই বলেন, আগামী শুক্রবার ৭ই মার্চ, এ রাজ্যে দক্ষিণ ২৪ পরগনার বকখালি এবং গুজরাটের লখপত দুই জায়গা থেকে এই সাইকেল র্যালি শুরু হবে। পয়লা এপ্রিল কন্যাকুমারীর স্বামী বিবেকানন্দ মেমোরিয়ালে গিয়ে তা শেষ হবে। ১৪ জন মহিলা সহ মোট ১২৫ জন এই র্যালিতে অংশ নিচ্ছেন। ২৫ দিন ধরে ১১টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মধ্য দিয়ে মোট ৬ হাজার ৫৫০ কিলোমিটার পথ অতিক্রম করবেন তাঁরা। পশ্চিমবঙ্গের বকখালি থেকে র্যালিটি হলদিয়া ও দীঘা হয়ে যাবে।

## ডষ্ট্ৰ সাহাই বলেন (বাইট)

সফরকালে উপকূলবর্তী এলাকার বাসিন্দা ও মৎসজীবীদের সঙ্গে সাক্ষাতের পাশাপাশি স্কুল পদ্ধতিদের নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান, বৃক্ষরোপন কর্মসূচীরও আয়োজন করা হয়েছে।

oooooooooooooooooooooooooooooooooooo

বর্ষার আগে বন্যা নিয়ন্ত্রণ সহ প্রাকৃতিক দুর্যোগ রোধে আগাম প্রস্তুতি নেওয়ার জন্য রাজ্য সরকার দেড়শো কোটি টাকা বরাদ্দ করেছে। এর মধ্যে মালদা, দুই দিনাজপুর, জলপাইগুড়ি সহ মোট ৮ জেলার জন্য ৩৮ কোটি ৭০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। সবচেয়ে বেশি অর্থ বরাদ্দ করা হয়েছে মালদায় গঙ্গার ভাঙ্গন নিয়ন্ত্রণের জন্য। এই টাকায় মূলত বন্যা প্রবণ এলাকায় নদী ভাঙ্গন রোধে বোল্ডার, নেটের তারজালি, বাঁশ কিনে মজুদ করে রাখতে বলা হয়েছে। বৃষ্টিতে জমা জল দ্রুত বের করতে স্লুইস গেটগুলি ও পরিষ্কার রাখতে হবে। এজন্য মালদা এবং দুই দিনাজপুরকে ২৮ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে বলে সেচ দণ্ডের সৃত্রে জানা গেছে।

oooooooooooooooooooooooooooooooooooo

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে গত শনিবারের ঘটনার প্রতিবাদে এস এফ আই-এর ডাকা ছাত্র ধর্মঘটের সময় আক্রান্ত কর্মী-সমর্থকদের প্রতি সংহতি জানাতে ওই বাম ছাত্র সংগঠন আজ এক মিছিলের ডাক দিয়েছে। বেলা ১-টা নাগাদ বিশ্ববিদ্যালয়ের চার নম্বর গেট থেকে এই মিছিল শুরু হবে।

এদিকে, বিশ্ববিদ্যালয়ে ওই ঘটনার প্রতিবাদে গতকালও এস এফ আই কলকাতা সারা রাজ্যে বিক্ষোভ কর্মসূচি পালন করে। কলেজ স্ট্রিট, নাগেরবাজার হাওড়া, বারুইপুর-সহ একাধিক যায়গায় এই কর্মসূচিকে ধিরে বিক্ষিপ্ত গোলমালের খবর মেলে। নদীয়ার কল্যাণী বিশ্ববিদ্যালয়ে এসএফআই কর্মী সমর্থকদের ওপর হামলার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে।

অন্যদিকে, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ভাস্কর গুপ্ত গত শনিবারের ঘটনা নিয়ে বিচারবিভাগীয় তদন্তের প্রস্তাব দিয়েছেন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সংগঠনগুলির সঙ্গে গতকাল ভার্চুয়াল বৈঠকে উপাচার্য অবিলম্বে ক্যাম্পাসে শান্তি ফেরানোর নির্দেশ দেন। সকলকে একসঙ্গে কাজ করার কথা ও বলেন তিনি। বৈঠকে ছাত্র সংসদ নির্বাচন সহ একাধিক বিষয় নিয়ে আলোচনা হয়। উপস্থিত ছিলেন জুটা, ওয়েবকুপা-সহ চারটি শিক্ষক সংগঠনের প্রতিনিধিরা।

উল্লেখ্য, ছাত্র সংসদ নির্বাচনের দাবিতে গত শনিবার দফায় দফায় উত্পন্ন হয়ে ওঠে বিশ্ববিদ্যালয় চতুর। ওয়েবকুপার সভায় গিয়ে এসএফআই কর্মী সমর্থকের বিক্ষোভের মুখে পড়েন রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। অভিযোগ, তাঁকে ধিরে বিক্ষোভ চলাকালীন আহত হন মন্ত্রী। এসএফআই-এর দাবি, শিক্ষামন্ত্রীর গাড়ির ধাক্কায় আহত হন এক ছাত্র। আহত ওই ছাত্র ইন্দ্রানুজের বাবাকে শিক্ষামন্ত্রী গতকাল ফোন করে দুঃখ প্রকাশ করেছেন বলে তার পরিবার সূত্রে জানা গেছে।

অধিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ এবিভিপি সার্জিক্যাল স্ট্রাইকের ধাঁচে আগামী দিনে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে অভিযান করা হবে বলে ঝঁশিয়ারি দিয়েছে। সংগঠনের রাজ্য সম্পাদক অনিবার্য সরকার গতকাল এক সংবাদিক বৈঠকে অভিযোগ করেন, পুলিশ অতিসর্কিয়তা দেখিয়ে জখম হওয়া এবিভিপি সদস্যদেরই গ্রেফতার করেছে। আর এই গ্রেফতারিতে বাম-তৃণমূল আঁতাত প্রকাশ পাচ্ছে।

অন্যদিকে, সিপিআই এম বিশ্ববিদ্যালয়ে পয়লা মার্চ শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসুর আচরণ নিয়ে অবিলম্বে মুখ্যমন্ত্রীর বিবৃতি দাবি করেছে। দলের কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী বলেন, চারদিন কেটে গেলও মুখ্যমন্ত্রী ওই ঘটনা নিয়ে কোনো মন্তব্য করেননি।

প্রবীণ কংগ্রেস নেতা অধীররঞ্জন চৌধুরীও বলেছেন, এই ঘটনায় ব্রাত্য বসুর ক্ষমা চাওয়া উচিত।

oooooooooooooooooooooooooooooooooooo

କସବା ଥାନା ଏଲାକାଯ ହାଲତୁର ପୂର୍ବ ପଞ୍ଜୀତେ ଏକଇ ପରିବାରେର ତିନି ସଦସ୍ୟେର ଦେହ ଉଦ୍ଧାରେର ସ୍ଟନ୍ୟାୟ ପୁଲିଶ ୨ ଜନକେ ଗ୍ରେଣ୍ଟାର କରେଛେ । ଧୂତ ପ୍ରଦୀପ ଘୋଷାଲ ଓ ତାର ସ୍ତ୍ରୀ ନିଲୀମା ସମ୍ପର୍କେ, ମୃତ ସୋମନାଥ ରାଯେର ମାମା ଓ ମାମି । ଯେ ଘରେ ଗତକାଳ ସୋମନାଥ, ତାଁର ସ୍ତ୍ରୀ ସୁମିତ୍ରା ଓ ଆଡ଼ାଇ ବହୁରେ ଶିଶୁ ପୁତ୍ର ରହୁଣିଲେର ଝୁଲନ୍ତ ଦେହ ଉଦ୍ଧାର ହ୍ୟ ସେଟିର ଦେଓଯାଳ ଥେକେ ଏକଟି ସୁହସାଇଡ ନୋଟ ପାଓଯା ଗେଛେ । ମେଖାନେ ସମ୍ପତ୍ତି ନିଯେ ସୋମନାଥେର ସଙ୍ଗେ ମାମା, ମାମି ଏବଂ ମାସିର ବିବାଦେର ବିଷୟଟିର ଉଲ୍ଲେଖ ଛିଲ । ଏ ତିନିଜନକେ ଆଟକ କରେ ଜିଜ୍ଞାସାବାଦ କରେ ପୁଲିଶ । ତାରପର ଗ୍ରେଣ୍ଟାର କରା ହ୍ୟ ମାମା ମାମୀକେ । ପେଶାଯ ଅଟୋଚାଲକ ସୋମନାଥେର ବାଜାରେ ପ୍ରଚୁର ଝଣ ହ୍ୟେ ଗିଯେଛିଲ ବଲେ ଜାନା ଗେଛେ ।

উল্লেখ্য, ট্যাংরা কাণ্ডের পর আবারো একই পরিবারের তিনজনের দেহ উদ্ধারের ঘটনায় গতকাল ব্যাপক চাঞ্চল্য ছড়ায়।

এদিকে ট্যাংরা কান্ডে ধৃত দে পরিবারের ছোট ছেলে প্রসূনকেগতকাল শিয়ালদা আদালতে তোলা হলে ৬-ই মার্চ পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। আদালতে তোলার আগে নীলরতন সরকার হাসপাতালে প্রসূনের স্বাস্থ্য পরীক্ষা করা হয়।

oooooooooooooooooooooooooooooooooooo

কলকাতা পুলিশ ভুয়ো সিমকার্ড বিক্রির অভিযোগে আরও ২ জনকে গ্রেফতার করেছে। এদের মধ্যে শুভেন্দু গায়েন নামে একজনকে ধরা হয় তিলজলা থানা এলাকার কুষ্টিয়া রোডের একটি দোকান থেকে। গ্রাহকদের না জানিয়ে শুভেন্দু তাদের তথ্য দিয়ে সিমকার্ড সক্রিয় করে চড়া দামে তা বিক্রি করতো বলে অভিযোগ। তার কাছ থেকে উদ্বার হয়েছে ১ হাজার ২২২-টি বিভিন্ন টেলিকম কোম্পানীর অব্যবহৃত সিমকার্ড, নগদ ১ লক্ষ ৯৫ হাজার টাকা, তিনটি মোবাইল ফোন ও একটি ফিঙার প্রিন্ট স্ক্যানার। গতকাল গিরিশ পার্ক থানা এলাকার মুক্তারামবাবু স্ট্রীটের একটি দোকান থেকে গ্রেফতার করা হয়। তার কাছ থেকে উদ্বার হয়েছে ৫২-টি সিল ভাঙ্গা সক্রিয় সিমকার্ড, দুটি ফিঙারপ্রিন্ট স্ক্যানার, একটি মোবাইল ফোন ও নগদ ৪৩ হাজার ৫-শো টাকা।

ধূতদের গতকাল ব্যাক্ষশাল আদালতে তোলা হলে শুভেন্দুকে ১৭ এবং জিতেন্দ্রকে ১০-ই মার্চ পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

oo

ইস্টবেঙ্গল আজ AFC চ্যালেঞ্জ লিগ ফুটবলের কোয়ার্টার ফাইনালের প্রথম পর্বের ম্যাচে তুর্কমেনিস্তানের এফ সি আর্কাদাগের বিরুদ্ধে খেলবে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়। ফিরতি ম্যাচ হবে ১২ ই মার্চ তুর্কমেনিস্তানে।

oooooooooooooooooooooooooooooooooooo

oo